
পূর্ণাঙ্গ ফলাফল না আসা পর্যন্ত ভোটকেন্দ্রে থাকুন: জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ নানা অভিযোগ ও বিচ্ছিন্ন ঘটনার মধ্য দিয়ে শেষ হয়েছে। অনেক কেন্দ্রে গণনা শুরু হলেও জামায়াতের আমির ডা. শফিকুর রহমান সকলকে ফলাফল প্রকাশের আগে ভোটকেন্দ্র ছাড়ার অনুরোধ না করার আহ্বান জানিয়েছেন।

ফেসবুকে তার ভেরিফায়েড অ্যাকাউন্টে তিনি লিখেছেন, ‘পূর্ণাঙ্গ ফলাফল প্রকাশের আগে কেউ ভোটকেন্দ্র ছাড়বেন না।’ পরে তিনি আরও উল্লেখ করেন, ভোট শেষে উচ্ছ্বাস নয়, সিজদায় পড়া ও আল্লাহর শোকর আদায় করতে হবে।

ডা. শফিকুর রহমান দেশবাসীকে সতর্ক করেছেন জাল ভোট, পোলিং এজেন্টদের ওপর হামলা ও কেন্দ্র দখলের চেষ্টা বিষয়ে। তিনি বলেছেন, ‘আপনারা যেভাবে এখন পর্যন্ত প্রতিরোধ করেছেন, সেভাবেই ফলাফল আসা পর্যন্ত ভোটের নিরাপত্তা রক্ষা করুন এবং আইনশৃঙ্খলা বাহিনীকে সহযোগিতা করুন।’

তিনি প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীকে তড়িৎ পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে বলেন, ‘কেন্দ্র দখল ও ব্যালট ছিনতাইয়ের চেষ্টা দমন করুন এবং জনগণের ভোটের নিরাপত্তা নিশ্চিত করুন।’